

454 - কম্পিউটারের বিভিন্ন প্রোগ্রাম কপি করার হুকুম

প্রশ্ন

কম্পিউটারের বিভিন্ন প্রোগ্রাম কপি করার হুকুম কি যেগুলো আমি খরিদ করিনি?

প্রিয় উত্তর

এ প্রশ্নটির জবাব দিয়েছেন শাইখ আব্দুল আয়িয় বিন বাযের নেতৃত্বাধীন সৌদি ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি: যে প্রোগ্রামগুলোর মালিক এগুলো কপি করতে বাধা দেন সেগুলো কপি করা নাজায়েয়। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “মুসলিমগণ তাদের শর্তের উপর বলবৎ”। এবং যেহেতু তিনি আরও বলেছেন: “কোন মুসলিমের সম্পদ তার সন্তুষ্টিত ছাড়া গ্রহণ বৈধ নয়”। এবং তিনি আরও বলেছেন: “যে ব্যক্তি কোন বৈধ জিনিসের কাছে আগে পৌঁছেছে সেইই সেটি পাওয়ার অধিক হকদার”। চাই এ প্রোগ্রামগুলোর মালিক মুসলিম হোক কিংবা গাইরে-হারবী (অ-যোদ্ধা) কাফির হোক। কেননা গাইরে-হারবী কাফেরের অধিকার মুসলিমের অধিকারের মত সম্মানযোগ্য। আল্লাহই সর্বজ্ঞ।[স্থায়ী কমিটির ফতোয়া নং ১৮৪৫৩]

আমাদের কাছে এ মাসয়ালায় শাইখ মুহাম্মদ বিন সালেহ আল-উছাইমীনের কাছ থেকে নিম্নোক্ত জবাবটি এসেছে:

এক্ষেত্রে প্রচলিত প্রথার অনুসরণ করা হবে। তবে কোন ব্যক্তি যদি নিজের জন্য কোন কপি সংরক্ষণ করতে চায় এবং লেখক বা স্বত্ত্বাধিকারী যদি সাধারণ কপিকরণ কিংবা ব্যক্তিগত কপিকরণ থেকে নিষেধ না করে তাহলে আমি আশা করছি এতে কোন অসুবিধা নেই। আর যদি স্বত্ত্বাধিকারী সাধারণ কপিকরণ বা ব্যক্তিগত কপিকরণ নিষিদ্ধ মর্মে উল্লেখ করে থাকেন তাহলে কোনক্রমে এটি জায়েয় হবে না।